

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৪০১৯

বিষয়: চট্টগ্রাম সাইলো হতে চাঁদপুর সিএসডিতে নৌপথে মোট ১,০০০ মে.টন বস্তাবন্দি গমের চলাচল উপসূচি (উপসূচি নং-১২৫/১)

সূত্র: চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখার ২৯-০৯-২০২৫ খ্রি. এর ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৪০১৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সাইলো হতে চাঁদপুর সিএসডি ১০০০ মে.টন বস্তাবন্দি গমের চলাচল সূচি জারির প্রেক্ষিতে নিম্নোক্তভাবে চলাচল উপসূচি নির্দেশক্রমে জারি করা হলো। একইসাথে, ঠিকাদার কর্তৃক পণ্যের নিরাপত্তা জামানত অনুযায়ী জাহাজ বোঝাই দেওয়ার জন্য অনুরোধ করা।

ক্রঃ নং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	শ্রেণি ও লট নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পণ্য	পরিমাণ (মে.টন)	রুট
১.	মেসার্স এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল	মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম লট নং ২	চট্টগ্রাম সাইলো	চাঁদপুর সিএসডি	বস্তাবন্দি গম	১০০০	নৌ পথ
					মোট =	১০০০	

নির্দেশনাসমূহ:

১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এবং সাইলো অধীক্ষক, চট্টগ্রাম, উপ-সূচি জারি/ বোঝাইয়ের পূর্বে জাহাজ/ কোন্টারের গম পরিবহনের উপর্যুক্ততা, সার্ভে সার্টিফিকেট, বে-ক্রসিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেটের মূল/সত্যায়িত কপি ও অন্যান্য তথ্যাদি অবলোকন/ যাচাই পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন;

২। পরিবহণ ঠিকাদার কর্তৃক সাধারণ বীমা কর্পোরেশন হতে বোঝাইতব্য পরিমাণ পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চসনি, চট্টগ্রাম/সাইলো অধীক্ষক চট্টগ্রাম দপ্তরে জমা দিয়ে গম পরিবহণ করবেন;

৩। প্রতি বার্জ/নৌযানে প্রেরিত গমের নমুনা অবশ্যই যৌথ সাক্ষর সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;

৪। সূচির মেয়াদ শেষ হওয়ার পর অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৫। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৬। এই সূচির মেয়াদ আগামী ০৮-১০-২০২৫ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে;

৭। প্রেরণকারী সাইলো অধীক্ষক প্রতি সপ্তাহে প্রেরিত পরিমাণ গমের পর্যবেক্ষণ প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন;

৮। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৯-০৯-২০২৫

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা
উপপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম।
- ২। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৪০১৯/১ (৬)

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁদপুর।
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। ব্যবস্থাপক, চাঁদপুর সিএসডি, চাঁদপুর।
- ৬। মেসার্স মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম নৌপরিবহণ ঠিকাদার।



২৯-০৯-২০২৫

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা
উপপরিচালক